আজকের কাগজ

তারিখ ... 01 NOV 1992 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

৩

150

# মির্জাপুরে ৩০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

টাঙ্গাইল জেলার মির্জাপুর থানার প্রায় ৩০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত। শিক্ষা অফিস সূত্রে প্রকাশ মির্জাপুর থানায় ১৩টি ইউনিয়নের ২শ' ১৮টি গ্রামের ৬ থেকে ১০ বছর বয়সের শিশু-কিশোরের সংখ্যা ৫৬ হাজার। এরমধ্যে ৩৪ হাজার ৮ শ' ১২ জন শিশু কিশোর বর্তমানে বিদ্যালয়ে যাচ্ছে। বাকি ৩০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। দারিদ্রতা ও অবকাঠামোগত অভাবই এ ব্যাপক সংখ্যক শিশুকে প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত করছে বলে জানা যায়। এ থানায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১শ' ১৩টি এবং রেজিস্টার্ড বিদ্যালয়ের সংখ্যা ১৮টি। সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর মধ্যে ১৩টি জরাজীর্ণ। এ ছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রধান ও সহকারী শিক্ষকের ৩৪টি পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। আরো জানা গেছে, কোন কোন বিদ্যালয়ে মাত্র ২ জন শিক্ষক রয়েছে। যার ফলে ছাত্রছাত্রীদের ঠিকমত ক্লাস নেয়া সম্ভব হয়ে উঠে না। টাঙ্গাইল থেকে তুহিন খান।